

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
চকরিয়া, কক্সবাজার।

স্মারক নং-৪৭.৬২.২২১৬.০০২.১৮.০৪৯.১২.১৫৪

তারিখ: ১৬/০৬/২০২৫খ্রি.

বিষয়ঃ ব্যাখ্যার জবাব প্রেরণ প্রসংগে।

সূত্র: জেলা দপ্তরের স্মারক নং: ৪৭.৬২.২২০০.৮২৫.১৮.০০৫.২৩.৩৪১(১), তারিখ: ২৫ মে ২০২৫খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আমি নিম্নস্বাক্ষরকারী ২২/০৩/২০২৩খ্রি. তারিখে দায়িত্ব নেওয়ার পর অত্র উপজেলায় জুন/২০২৪খ্রি: তারিখে আবর্তক ঋণের খেলাপীর পরিমাণ ছিল ১৭.৬২ লক্ষ টাকা। এতে আমি নিম্নস্বাক্ষরকারী অত্রাফিসের সকল কর্মচারীদের নিয়ে একাধিক স্টাফ মিটিং করি এবং আবর্তক ঋণের খেলাপী আদায়ের জন্য সকলের পরামর্শ গ্রহণ করি। সকলের মতামতের ভিত্তিতে প্রাথমিকভাবে সকল প্রাথমিক সমিতির ডিটেইল লিস্ট তৈরী করি। পরবর্তীতে ডিটেইল লিস্ট অনুসারে সকলকে নিয়ে ত্র্যাশ প্রোগ্রাম পরিচালনা করি। এতে করে প্রতিনিয়ত মাঠ পর্যায়ে তদারকির মাধ্যমে আবর্তক ঋণে খেলাপী ঋণের পরিমাণ মে/২০২৫খ্রি: তারিখে ১২.০০ লক্ষ টাকায় নিয়ে আসা সম্ভব হয়। অবশিষ্ট খেলাপী ঋণ আদায়ের বর্তমানেও ব্যাপক জোর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি এবং অতি:স্বল্পের খেলাপী ঋণের পরিমাণ শূন্যের কোটায় নামিয়ে আনার জন্য প্রত্যেক খেলাপী ঋণী সদস্যের মোবাইল নম্বর সহ স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সহযোগিতায় ইউনিয়ন পরিষদের দফাদারদের মাধ্যমে লাল নোটিশ প্রেরণ করে খেলাপী ঋণ আদায়ের ব্যবস্থা করে যাচ্ছি। তাছাড়া আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ অর্থ বছরে অত্র উপজেলায় মে/২০২৫খ্রি. পর্যন্ত আবর্তক ঋণ ২৪.২০ লক্ষ টাকা বিতরণ করা হয় এবং ২৪.৯২ লক্ষ টাকা আদায় করা হয়েছে।

উল্লেখ্য যে, অত্র উপজেলায় সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা ও হিসাবরক্ষক পদ শূন্য থাকায় কাজের অগ্রগতি ব্যাপকভাবে ব্যাহত হচ্ছে। যেহেতু চকরিয়া উপজেলা একটি বৃহত্তর উপজেলা তাই শূন্যপদ পূরণ হলে মাঠ পর্যায়ে খেলাপীর পরিমাণ যেমন হ্রাস পাবে, অত্র উপজেলায় আমাদের কার্যক্রমও আরো গতিশীল হবে।

এমতাবস্থায়, নিম্নস্বাক্ষরকারীর ব্যাখ্যা তলবের জবাব গ্রহণ করত: জেলা দপ্তর কর্তৃক প্রেরিত পত্রের অভিযোগ থেকে অব্যাহতি প্রদানের জন্য মহোদয়ের নিকট বিশেষভাবে অনুরোধ করিতেছি।



(শাহাদাত হোসেন)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
চকরিয়া, কক্সবাজার।

বরাবর

উপ পরিচালক

জেলা দপ্তর, বাপউবো, কক্সবাজার।